

সার্ভিসের নামঃ Local Content

গ্রাহকের ধরণঃ আইআইজি ও আইএসপি ইত্যাদি।

১.১ BTCL Local content এর ব্যান্ডউইড্থ সংযোগের সাধারণ নিয়মাবলীঃ

- সংযোগ ফি প্রতি সংযোগের জন্য ৫,০০০/- টাকা।
- সংযোগের জন্য ন্যূনতম এক মাসের সাধারণ ভাড়া/চার্জ অগ্রীম প্রদান করতে হবে।
- নুতন সংযোগ গ্রহণের ক্ষেত্রে গ্রাহকগণ একমাসের সাধারণ ভাড়া/চার্জের সমপরিমাণ অর্থ জামানত হিসেবে প্রদান করবেন, যা সংযোগ বিচ্ছিন্নের সময় সমন্বয় করা হবে।
- সরকারী/আধা-সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের ক্ষেত্রে জামানত প্রদানের নিয়ম প্রয়োজন হবে না।
- যোগাযোগ ও সার্ভিস প্রদানঃ উপ-মহাব্যবস্থাপক (ব্রেড ব্যান্ড-১), মগবাজার টেলিফোন ভবন, মগবাজার, ঢাকা।

১.২ Downgrade/Permanent close charge: প্রযোজ্য নহে।

১.৩ Up gradation charge: প্রযোজ্য নহে।

১.৪ মালিকানা/ঠিকানা পরিবর্তনের ক্ষেত্রে প্রতি সংযোগের জন্য সর্বনিম্ন ২০০০/- টাকা।

১.৫ গ্রাহক প্রাপ্তের যন্ত্রপাতি (মিডিয়া কনভার্টার, এসএফপি মডিউল, প্যাচকর্ড, রাউটার/সুইচ, LAN ক্যাবল ইত্যাদি) গ্রাহক নিজে সরবরাহ করবেন। লোকাল লুপ বা লাষ্ট মাইল সলুশন (বিটিসিএল PoP হতে গ্রাহক প্রাপ্ত পর্যন্ত অপটিক্যাল ফাইবার ক্যাবল) গ্রাহক নিজেও সরবরাহ করতে পারেন বা নির্ধারিত ভাড়া প্রদান সাপেক্ষে বিটিসিএল এর ফাইবার ব্যবহার করতে পারবেন।

১.৬ ব্যাকআপ পোর্ট : গ্রাহকগণ যে কোন PoP এর একটি পোর্ট হতে সংযোগ গ্রহণ করতে পারবেন। তবে একটি পোর্ট হতে ৫০০ এমবিপিএস এর বেশী ব্যান্ডউইড্থ ব্যবহারকারী গ্রাহকগণ পোর্ট চার্জ ব্যতিত একটি অতিরিক্ত ব্যাকআপ পোর্ট প্রাপ্য হবেন। এর অতিরিক্ত পোর্ট গ্রহণ করতে চাইলে প্রাপ্ত সাপেক্ষে পোর্ট প্রতি ৫,০০০/- টাকা পোর্ট চার্জ প্রদান করতে হবে।

১.৭ Local Content (Google, Facebook, Akamai, .bd .bangla etc) ব্যান্ডউইড্থ ঢাকায় কমপক্ষে ৩০ এমবিপিএস এবং ঢাকার বাহিরে কমপক্ষে ১০ এমবিপিএস হতে হবে।

এই ক্যাটাগরীর গ্রাহকগণের জন্য নিম্নরূপ মাসিক চার্জ অথবা টাকা হতে ডাটা সার্ভিস চার্জ(যাহার মূল্য কম) নির্ধারিত হবেঃ

ক্রমিক নং	সংযোগের স্থান	সংযোগের এককালীন চার্জ (টাকা)	প্রতি এমবিপিএস ট্রান্সমিশন মাসিক চার্জ (টাকা)
১	বৃহত্তর ঢাকা এলাকা*	৫,০০০	৩০
২	ঢাকার বাহিরে	৫,০০০	১০০

১.৮ বিটিসিএল-এর অপটিক্যাল লোকাল লুপ (OFC Local Loop) এর ভাড়াঃ

এককালীন সংযোগ মূল্য - সংযোগ প্রতি ৫,০০০/- টাকা এবং প্রতি কোর ফাইবারের মাসিক ভাড়া প্রথম ৫০০ মিটার পর্যন্ত সর্বনিম্ন ১,০০০/ টাকা এবং পরবর্তি প্রতি কোর প্রতি মিটার ১.৫০ টাকা হবে। পার্বত্য তিন জেলার জন্য পরবর্তি প্রতি কোর প্রতি মিটার ১.৯৫ টাকা হবে। তবে শিক্ষা প্রতিষ্ঠান ও সরকারী প্রতিষ্ঠান ক্যাটাগরির গ্রাহকগণ যদি অধিক দূরত্বের অপটিক্যাল লোকাল লুপ হিসেবে ব্যবহার করেন তাহাদের প্রতি কোর ফাইবারের মাসিক ভাড়া সর্বোচ্চ ১৫০০০/- টাকা প্রদান করবেন।

*বৃহত্তর ঢাকা/ ঢাকা বলতে ঢাকা, নারায়ণগঞ্জ, গাজীপুর, নরসিংদী, মানিকগঞ্জ ও মুন্সিগঞ্জ জেলার আওতাভুক্ত এলাকা বুঝাবে।

**সকল সংযোগের ক্ষেত্রে বিধি মোতাবেক ভ্যাট বা অন্যান্য চার্জ প্রযোজ্য হবে।